

بسم الله الرحمن الرحيم








# কুর’আনিক দু’আ সমূহ: ৬

Sisters' Forum In Islam.com



# দু'আঃ (সূরা ইউসুফ)

| ٱلظَّٰلِمُونَ | يُفۡلِحُ | لَا | إِنَّهُۥ | مَثۡوَاىَ | أَحۡسَنَ | رَبِّيٓ | إِنَّهُۥ | ٱللَّهِ | مَعَاذَ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| "সীমালঙ্ঘনকারীরা | সফল হয় | না | নিশ্চয়ই | আমার বসবাসের | উত্তম ব্যবস্থা করেছেন | আমার রব | নিশ্চয়ই তিনি | আল্লাহর" | আশ্রয় চাই" |
| "the wrongdoers | will succeed | not | Indeed | my stay | made good (who has) | my lord (is) | Indeed, he | I seek refuge in Allah" | I seek refuge in Allah" |

مَعَاذَ اللهِ اِنَّهٗ رَبِّیۡۤ اَحۡسَنَ مَثۡوَایَ ؕ اِنَّهٗ لَا یُفۡلِحُ الظّٰلِمُوۡنَ ﴿۲۳﴾

'আমি আল্লাহর আশ্রয় প্রার্থনা করছি, নিশ্চয় তিনি আমার মনিব; তিনি আমার থাকার সুন্দর ব্যবস্থা করেছেন। নিশ্চয় যালিমরা সফলকাম হয় না। সূরা ইউসুফঃ ২৩

"[I seek] the refuge of Allah. Indeed, he is my master, who has made good my residence. Indeed, wrongdoers will not succeed."

**প্রেক্ষাপটঃ** ইউসুফ (আঃ)-এর এক নতুন পরীক্ষা আরম্ভ হল। মিসরের আযীযের স্ত্রী, যাকে তার স্বামী বলেছিল যে, ইউসুফকে সম্মানের সাথে রাখবে, সে ইউসুফ (আঃ)-এর রূপ-সৌন্দর্য দেখে আসক্তা হয়ে পড়ল এবং উপযাচিকা হয়ে তাঁকে ব্যভিচারের দিকে আহবান করতে লাগল। কিন্তু ইউসুফ (আঃ) তা প্রত্যাখ্যান করতে থাকলেন। এই অবস্থায় আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা।

হারাম প্রেম ও পরকীয়ার ফাঁদ বা অশ্লীলতার ফাঁদ সর্বাবস্থায় এই দু'আ পড়ে আল্লাহর কাছে সাহায্য প্রার্থনা করা যেতে পারে ইন শা আল্লাহ।

# দু’আঃ (সূরা ইউসুফ)

| رَبِّ | ٱلسِّجْنُ | أَحَبُّ | إِلَىَّ | مِمَّا | يَدْعُونَنِىٓ | إِلَيْهِ | وَإِلَّا | تَصْرِفْ | عَنِّى | كَيْدَهُنَّ | أَصْبُ | إِلَيْهِنَّ | وَأَكُن | مِّنَ | ٱلْجَٰهِلِينَ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| হে আমার রব" | কারাগারই | অধিক প্রিয় | আমার কাছে | তা হ'তে | আমাকে তারা ডাকছে | যার দিকে | এবং যদি না (হে রব) | তুমি ফিরাও | আমার থেকে | তাদের ছলনা (তাহ'লে হয়তো) | আকৃষ্ট হয়ে পড়বো আমি | তাদের দিকে | এবং আমি হবো | অন্তর্ভুক্ত | "অজ্ঞদের |
| My Lord" | the prison | dearer (is) | to me | than what | they invite me | to it | And unless | You turn away | from me | their plot | I might incline | towards them | and [I] be | of | "the ignorant |

رَبِّ السِّجْنُ اَحَبُّ اِلَیَّ مِمَّا یَدْعُوْنَنِیْۤ اِلَیْهِ ۚ وَ اِلَّا تَصْرِفْ عَنِّیْ کَیْدَهُنَّ اَصْبُ اِلَیْهِنَّ وَ اَکُنْ مِّنَ الْجٰهِلِیْنَ

**‘হে আমার প্রতিপালক! এই মহিলারা আমাকে যার প্রতি আহবান করছে তা অপেক্ষা কারাগার আমার কাছে অধিক প্রিয়। তুমি যদি তাদের ছলনা হতে আমাকে রক্ষা না কর, তাহলে আমি তাদের প্রতি আকৃষ্ট হয়ে পড়ব এবং অজ্ঞদের অন্তর্ভুক্ত হব।’সূরা ইউসুফঃ ৩৩**

"My Lord, prison is more to my liking than that to which they invite me. And if You do not avert from me their plan, I might incline toward them and [thus] be of the ignorant."-Sahih International

**প্রেক্ষাপটঃ** সমালোচক মহিলাদেরকে ইউসুফের রূপ দেখে অভিভূত হতে দেখে আযীয পত্নীর স্পর্ধা আরো বেড়ে গেল এবং লজ্জা-শরমের সমস্ত পর্দা খুলে দিয়ে সে তার অসৎ কামনা আরো একবার প্রকাশ করল। (এবং এবারে অস্বীকার অবস্থায় তাকে হুমকি দেখানো হল।)

ইউসুফ আলাইহিস সালাম দেখলেন যে, আযীয-পত্নীর চক্রান্তের জাল ছিন্ন করার বাহ্যিক কোন উপায় নেই। এমতাবস্থায় তিনি আল্লাহর দিকে প্রত্যাবর্তন করলেন এবং তার দরবারে আরয করলেনঃ

## দু’আঃ (সূরা ইউসুফ)

১০১

| رَبِّ | قَدْ | ءَاتَيْتَنِى | مِنَ | ٱلْمُلْكِ | وَعَلَّمْتَنِى | مِن | تَأْوِيلِ | ٱلْأَحَادِيثِ | فَاطِرَ | ٱلسَّمَٰوَٰتِ | وَٱلْأَرْضِ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| হে আমার রব | নিশ্চয়ই | আমাকে দিয়েছো তুমি | কিছু | রাষ্ট্রক্ষমতার | ও আমাকে তুমি শিখিয়েছো | করা | ব্যাখ্যা | স্বপ্নের | স্রষ্টা (তুমিই) | আকাশের | ও পৃথিবীর |
| My Lord | indeed | you have given me | of | the sovereignty | and taught me | of | the interpretation | of the events | Creator | the heavens (of) | and the earth |

| أَنتَ | وَلِىِّۦ | فِى | ٱلدُّنْيَا | وَٱلْءَاخِرَةِ | تَوَفَّنِى | مُسْلِمًا | وَأَلْحِقْنِى | بِٱلصَّٰلِحِينَ |
|---|---|---|---|---|---|---|---|---|
| তুমিই | আমার অভিভাবক | মধ্যে | পৃথিবীর | এবং আখিরাতেও | আমাকে মৃত্যু দিও | মুসলিম হিসেবে | ও আমাকে মিলিত করো | "সাথে ভালো লোকদের |
| You | my Protector (are) | in | the world | and the Hereafter | Cause me to die | a Muslim (as) | and join me | "with the righteous |

رَبِّ قَدْ آتَيْتَنِي مِنَ الْمُلْكِ وَعَلَّمْتَنِي مِنْ تَأْوِيلِ الْأَحَادِيثِ ۚ فَاطِرَ السَّمَاوَاتِ وَالْأَرْضِ أَنْتَ وَلِيِّي فِي الدُّنْيَا وَالْآخِرَةِ ۖ تَوَفَّنِي مُسْلِمًا وَأَلْحِقْنِي بِالصَّالِحِينَ

**হে পালনকর্তা আপনি আমাকে রাষ্ট্রক্ষমতাও দান করেছেন এবং আমাকে বিভিন্ন তাৎপর্য সহ ব্যাখ্যা করার বিদ্যা শিখিয়ে দিয়েছেন। হে নভোমন্ডল ও ভূ-মন্ডলের স্রষ্টা, আপনিই আমার কার্যনির্বাহী ইহকাল ও পরকালে। আমাকে ইসলামের উপর মৃত্যুদান করুন এবং আমাকে স্বজনদের সাথে মিলিত করুন। (সূরা ইউসুফঃ১০১)**

My Lord, You have given me [something] of sovereignty and taught me of the interpretation of dreams. Creator of the heavens and earth, You are my protector in this world and in the Hereafter. Cause me to die a Muslim and join me with the righteous."-Sahih International

**প্রেক্ষাপটঃ** হযরত ইউসুফ আ দীর্ঘ সময়ে বিভিন্ন কঠিন পরীক্ষায় সবরের সাথে উত্তীর্ণ হয়ে যখন  পিতা-মাতা ও ভাইদের সাথে সাক্ষাতের ফলে যখন জীবনে শান্তি এল, তখন সরাসরি আল্লাহর প্রশংসা, তার কাছে দোআয় মশগুল হয়ে গেলেন।এ দোআয় ‘খাতেমা বিলখায়ের’ অর্থাৎ অন্তিম সময়ে পূর্ণ আনুগত্যশীল হওয়ার প্রার্থনাটি বিশেষভাবে প্রণিধানযোগ্য। আল্লাহ্ তা’আলার প্রিয়জনদের বৈশিষ্ট্য এই যে, তারা দুনিয়া ও আখেরাতে যত উচ্চ মর্যাদাই লাভ করুন এবং যত প্রভাবপ্রতিপত্তি ও পদমর্যাদাই তাদের পদচুম্বন করুক, তারা কখনো গর্বিত হন না; তারা আমরণ ইসলামের উপর অটল থাকার দু’আ করেন।

# দু’আ সমূহঃ (সূরা ইবরাহীম)

| ٱلْأَصْنَامَ | نَّعْبُدَ | أَن | وَبَنِىَّ | وَٱجْنُبْنِى | ءَامِنًا | ٱلْبَلَدَ | هَٰذَا | ٱجْعَلْ | رَبِّ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| মূর্তিদেরকে | আমরা উপাসনা করি | যে (এ হ'তে) | ও আমার সন্তানদেরকে | এবং আমাকে দূরে রাখো | নিরাপদ | নগরীকে | এই | বানাও | হে আমার রব" |
| the idols | we worship | that | and my sons | and keep me away | safe | city | this | Make | !My Lord" |

رَبِّ اجْعَلْ هٰذَا الْبَلَدَ اٰمِنًا وَّ اجْنُبْنِیْ وَ بَنِیَّ اَنْ نَّعْبُدَ الْاَصْنَامَ ﴿۳۵﴾

**হে আমার রব! এ শহরকে নিরাপদ করুন এবং আমাকে ও আমার পুত্রদেরকে মূর্তি পূজা হতে দূরে রাখুন। সূরা ইবরাহীমঃ ৩৫**

"My Lord, make this city [Makkah] secure and keep me and my sons away from worshipping idols.-Sahih International

## প্রেক্ষাপটঃ হযরত ইবরাহীম আ মক্কা নগরীর জন্য দু’আ করেছিলেন।

আল্লাহ কুরাইশদের প্রতি যেসব বিশেষ অনুগ্রহ করেছিলেন সেগুলোর কথা বলছেন। এ সংগে একথাও বলা হচ্ছে যে, তোমাদের প্রপিতা ইবরাহীম আলাইহিস সালাম কোন ধরনের প্রত্যাশা নিয়ে কোন ধরনের অনুগ্রহ বর্ষণ করেছিলাম এবং এখন তোমরা নিজেদের প্রপিতার প্রত্যাশা ও নিজেদের রবের অনুগ্রহের জবাবে কোন ধরনের ভ্রষ্টতা ও দুষ্কর্মের অবতারণা করে যাচ্ছো।

ইবরাহীম আলাইহিস সালাম-এর দুটি দোআ উল্লেখ করা হয়েছে। প্রথম দো’আঃ ( رَبِّ اجْعَلْ هٰذَا الْبَلَدَ اٰمِنًا)অর্থাৎ হে আমার রব! এ (মক্কা) নগরীকে শান্তির আলয় করে দাও। সূরা আল-বাকারায়ও [১২৬ নং আয়াতে] এ দোআর উল্লেখ করা হয়েছে। সেখানে بلدশব্দটি ألفও لامব্যতীত بلداবলা হয়েছে। এর অর্থ অনির্দিষ্ট নগরী। এর কারণ হিসেবে কোন কোন মুফাসসির যা বলেন তা এই যে, এ দোআটি যখন করা হয়েছিল, তখন মক্কা নগরীর পত্তন হয়নি। তাই ব্যাপক অর্থবোধক ভাষায় দো’আ করেছিলেন যে, এ জায়গাকে একটি শান্তির নগরীতে পরিণত করে দিন। এরপর মক্কায় যখন জনবসতি স্থাপিত হয়ে যায়, তখন এ আয়াতে বর্ণিত দোআটি করেন। কারণ এর পরে তাঁর দু ছেলে ইসমাঈল ও ইসহাকের কথা উল্লেখ করেছেন। যা দ্বারা বোঝা যায় যে, দোআটি পরেই করা হয়েছে।

## দু'আ সমূহঃ (সূরা ইবরাহীম)

| ٱلْمُحَرَّمِ | بَيْتِكَ | عِندَ | زَرْعٍ | ذِى | غَيْرِ | بِوَادٍ | ذُرِّيَّتِى | مِن | أَسْكَنتُ | إِنِّىٓ | رَبَّنَآ | ৩৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মহান সম্মানিত (যা) | তোমার ঘরের | কাছে | চাষাবাদ | যোগ্য | নয় | উপত্যকায় | আমার বংশধরদের | থেকে (কতককে) | বসবাস করিয়েছি | নিশ্চয়ই আমি | হে আমাদের রব | |
| our Sacred House | Your Sacred House | near | cultivation | with | not | in a valley | my offsprings | of (some) | have settled [I] | Indeed, I | !Our Lord | |

| يَشْكُرُونَ | لَعَلَّهُمْ | ٱلثَّمَرَٰتِ | مِّنَ | وَٱرْزُقْهُم | إِلَيْهِمْ | تَهْوِىٓ | ٱلنَّاسِ | مِّنَ | أَفْـِٔدَةً | فَٱجْعَلْ | ٱلصَّلَوٰةَ | لِيُقِيمُوا۟ | رَبَّنَا |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৃতজ্ঞতা প্রকাশ করে | তারা যাতে | ফল-মূলসমূহ | থেকে | এবং তাদেরকে জীবিকা দাও | দিকে তাদের | অনুরক্ত হয় (যেন) | মানুষের | কিছু | অন্তরসমূহ | অতএব বানাও | সালাত | যেন তারা প্রতিষ্ঠা করে | হে আমাদের রব |
| be grateful | so that they may | the fruits | with | and provide them | towards them | incline | the men | of | hearts | So make | the prayers | That they may establish | !our Lord |

رَبَّنَآ اِنِّىۡۤ اَسۡكَنۡتُ مِنۡ ذُرِّيَّتِىۡ بِوَادٍ غَيۡرِ ذِىۡ زَرۡعٍ عِنۡدَ بَيۡتِكَ الۡمُحَرَّمِۙ رَبَّنَا لِيُقِيۡمُوا الصَّلٰوةَ فَاجۡعَلۡ اَفۡـِٕدَةً مِّنَ ১৪ : ৩৭
النَّاسِ تَهۡوِىۡۤ اِلَيۡهِمۡ وَارۡزُقۡهُمۡ مِّنَ الثَّمَرٰتِ لَعَلَّهُمۡ يَشۡكُرُوۡنَ

**হে আমাদের রব! আমি আমার বংশধরদের কিছু সংখ্যককে বসবাস করালাম অনুর্বর উপত্যকায় আপনার পবিত্র ঘরের কাছে, হে আমাদের রব! এ জন্যে যে, তারা যেন সালাত কায়েম করে। অতএব আপনি কিছু লোকের অন্তর তাদের প্রতি অনুরাগী করে দিন এবং ফল-ফলাদি দিয়ে তাদের রিযকের ব্যবস্থা করুন, যাতে তারা কৃতজ্ঞতা প্রকাশ করে। সূরা ইবরাহীমঃ ৩৭**

Our Lord, I have settled some of my descendants in an uncultivated valley near Your sacred House, our Lord, that they may establish prayer. So make hearts among the people incline toward them and provide for them from the fruits that they might be grateful.-Sahih International

**প্রেক্ষাপটঃ** আল্লাহর আদেশে ইবরাহীম আলাইহিস সালাম হাজেরা ও তার শিশুপুত্র ইসমাইলকে সাথে নিয়ে নির্বাসন দানের জন্য বের হলেন। ইবরাহীম আলাইহিস সালাম তাদের উভয়কে নিয়ে যেখানে কাবাঘর অবস্থিত সেখানে এসে উপস্থিত হলেন এবং মসজিদের উঁচু অংশে যমযমের উপরিস্থত এক বিরাট বৃক্ষতলে তাদেরকে রাখলেন।তারপর ইবরাহীম আলাইহিস সালাম নিজ গৃহ অভিমুখে ফিরে চললেন।যখন তিনি গিরিপথের বাঁকে এসে পৌছলেন, যেখানে স্ত্রী-পুত্র আর তাকে দেখতে পাচ্ছিল না, তখন তিনি কাবা ঘরের দিকে মুখ করে দাঁড়ালেন এবং দু'হাত তুলে এ দোআ করলেন।সন্তানদের জন্য আর্থিক সুখ-স্বাচ্ছন্দ্যের দোআ এ কারণে করা হয়েছে, যাতে তারা কৃতজ্ঞ হয়ে কৃতজ্ঞতার সওয়াবও অর্জন করে। এভাবে সালাতের অনুবর্তিতা দ্বারা দোআ শুরু করে কৃতজ্ঞতার কথা উল্লেখ করে শেষ করা হয়েছে। মাঝখানে আর্থিক সুখ-শান্তির প্রসঙ্গ আনা হয়েছে।

# দু’আ সমূহঃ (সূরা ইবরাহীম)

| دُعَآءِ | وَتَقَبَّلْ | رَبَّنَا | ذُرِّيَّتِى | وَمِن | ٱلصَّلَوٰةِ | مُقِيمَ | ٱجْعَلْنِى | رَبِّ |
|---|---|---|---|---|---|---|---|---|
| আমার দোয়া | এবং তুমি কবুল করো | হে আমাদের রব | আমার বংশধরদের | এবং থেকে | সালাত | প্রতিষ্ঠাকারী | আমাকে বানাও | হে আমার রব |
| my prayer | and accept | !Our Lord | my offsprings | and from | the prayer (of) | an establisher | Make me | !My Lord |

رَبِّ اجۡعَلۡنِیۡ مُقِیۡمَ الصَّلٰوۃِ وَ مِنۡ ذُرِّیَّتِیۡ ٭ۖ رَبَّنَا وَ تَقَبَّلۡ دُعَآءِ ﴿۴۰﴾

**হে আমার রব! আমাকে সালাত কায়েমকারী করুন এবং আমার বংশধরদের মধ্য হতেও। হে আমাদের রব! আর আমার দো’আ কবুল করুন। সূরা ইবরাহীমঃ ৪০**

My Lord, make me an establisher of prayer, and [many] from my descendants. Our Lord, and accept my supplication.-Sahih International

<u>**প্রেক্ষাপটঃ**</u> মুসলিম জাতির পিতা ইবরাহীম আ এই দু’আ করেন। আর আগে তিনি রবের প্রশংসা ও কৃতজ্ঞতা বর্ণনার পর আবার দোআয় মশগুল হয়ে যান।

| ٱلْحِسَابُ | يَقُومُ | يَوْمَ | وَلِلْمُؤْمِنِينَ | وَلِوَٰلِدَىَّ | لِى | ٱغْفِرْ | رَبَّنَا |
|---|---|---|---|---|---|---|---|
| "হিসেব | প্রতিষ্ঠিত হবে | যে দিনে | ও মু'মিনদেরকে | ও আমার পিতামাতাকে | আমাকে | মাফ করো | হে আমাদের রব |
| "the account | will (be) established | the Day (on) | and the believers | and my parents | me | Forgive | !Our Lord |

رَبَّنَا اغۡفِرۡ لِیۡ وَ لِوَالِدَیَّ وَ لِلۡمُؤۡمِنِیۡنَ یَوۡمَ یَقُوۡمُ الۡحِسَابُ ﴿۴۱﴾

হে আমাদের রব যেদিন হিসেব অনুষ্ঠিত হবে সেদিন আমাকে, আমার পিতা-মাতাকে এবং মুমিনদেরকে ক্ষমা করুন। **সূরা ইবরাহীমঃ ৪১**

Our Lord, forgive me and my parents and the believers the Day the account is established."-Sahih International

**প্রেক্ষাপটঃ** মুসলিম জাতির পিতা ইবরাহীম আ এই দু’আ করেন। আর আগে তিনি রবের প্রশংসা ও কৃতজ্ঞতা বর্ণনার পর আবার দোআয় মশগুল হয়ে যান।সম্ভবতঃ এ দোআটি তখন করেছেন, যখন ইবরাহীম আলাইহিস সালাম-কে কাফেরদের জন্য দোআ করতে নিষেধ করা হয়নি। [ইবন কাসীর]

# দু’আ সমূহঃ সূরা বনী ইসরাইল

| صَغِيرًا | رَبَّيَانِي | كَمَا | ارْحَمْهُمَا | رَّبِّ |
|---|---|---|---|---|
| "ছেলেবেলায় | আমাকে দু'জনে পালন করেছে | যেমন | দু'জনকে দয়া করো তাদের | হে আমার রব" |
| "small (when I was) | they brought me up | as | Have mercy on both of them | !My Lord" |

رَّبِّ ارْحَمْهُمَا كَمَا رَبَّيَانِى صَغِيرًا ﴿٢٤﴾

**’হে আমার রব! তাদের প্রতি দয়া করুন যেভাবে শৈশবে তারা আমাকে প্রতিপালন করেছিলেন’সূরা বনী ইসরাইলঃ ২৪**

"My Lord, have mercy upon them as they brought me up [when I was] small."-Sahih International

**প্রেক্ষাপটঃ**

এখানে এমন সব বড় বড় মূলনীতি পেশ করা হয়েছে যার ওপর ভিত্তি করে ইসলাম মানুষের সমগ্র জীবন ব্যবস্থার ইমারত গড়ে তুলতে চায়। একে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আন্দোলনের ঘোষণাপত্র বলা যায়। মিরাজের ঘটনার পর পরই মক্কী যুগের শেষে এবং আসন্ন মাদানী যুগের প্রারম্ভ লগ্নে এ ঘোষণাপত্র পেশ করা হয়। এভাবে এ নতুন ইসলামী সমাজ ও রাষ্ট্রের বুনিয়াদ কোন্ ধরনের চিন্তামূলক, নৈতিক, তামাদ্দুনিক, অর্থনৈতিক ও আইনগত মূলনীতির ওপর রাখা হবে তা সারা দুনিয়ার মানুষ জানতে পারবে।

পিতা-মাতার ষোল আনা সুখ-শান্তি বিধান মানুষের সাধ্যাতীত। কাজেই সাধ্যানুযায়ী চেষ্টার সাথে সাথে তাদের জন্যে আল্লাহ্‌ তা’আলার কাছে দোআ করবে যে, তিনি যেন করুণাবশতঃ তাদের সব মুশকিল আসান করেন এবং কষ্ট দূর করেন। বৃদ্ধ অবস্থা ও মৃত্যুর সময় তাদেরকে রহমত করেন। [ইবন কাসীর] সর্বশেষ আদেশটি অত্যন্ত ব্যাপক ও বিস্তৃত। পিতা-মাতার মৃত্যুর পরও দো’আর মাধ্যমে সর্বদা পিতা-মাতার খেদমত করা যায়।

# দু’আ সমূহঃ সূরা বনী ইসরাইল

| نَصِيرًا | سُلْطَٰنًا | لَّدُنكَ | مِن | لِّى | وَٱجْعَل | صِدْقٍ | مُخْرَجَ | وَأَخْرِجْنِى | صِدْقٍ | مُدْخَلَ | أَدْخِلْنِى | رَّبِّ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| "বড় সাহায্যকারী | কোনো শক্তিকে | তোমার নিকট | থেকে | আমার জন্যে | এবং বানাও | সত্যের | বের করা | এবং আমাকে বের করো | সত্যের | প্রবেশ করা | আমাকে প্রবেশ করাও | হে আমার রব" |
| "helping | an authority | near You | from | for me | and make | sound | an exit | and cause me to exit | sound | an entrance | Cause me to enter | !My Lord" |

رَّبِّ اَدْخِلْنِیۡ مُدْخَلَ صِدْقٍ وَّ اَخْرِجْنِیۡ مُخْرَجَ صِدْقٍ وَّ اجْعَلۡ لِّیۡ مِنۡ لَّدُنْكَ سُلْطٰنًا نَّصِیْرًا ﴿۸۰﴾

**হে আমার রব! আমাকে প্রবেশ করান সত্যতার সাথে এবং আমাকে বের করান সত্যতার সাথে এবং আপনার কাছ থেকে আমাকে দান করুন সাহায্যকারী শক্তি।সূরা বনী ইসরাইলঃ ৮০**

"My Lord, cause me to enter a sound entrance and to exit a sound exit and grant me from Yourself a supporting authority."-Sahih International

**<u>প্রেক্ষাপটঃ</u>** এটা হিজরতের সময় অবতীর্ণ হয়েছিল। যখন নবী (সাঃ)-এর মক্কা থেকে বের হওয়ার এবং মদীনাতে প্রবেশ করার সময় উপস্থিত হয়েছিল। কেউ কেউ বলেন, এর অর্থ হল, সত্যের উপর আমার মৃত্যু দিও এবং সত্যের উপর আমাকে কিয়ামতের দিন উত্থিত করো। আবার কেউ কেউ বলেন, সত্যতার সাথে আমাকে কবরে প্রবিষ্ট করো এবং কিয়ামতের দিন সত্যতার সাথে আমাকে কবর থেকে বের করো ইত্যাদি

# দু’আ সমূহঃ সূরা বনী ইসরাইল

| লَمَفْعُولًا | رَبِّنَا | وَعْدُ | كَانَ | إِن | رَبِّنَآ | سُبْحَٰنَ |
|---|---|---|---|---|---|---|
| "অবশ্যই কার্যকরী | আমাদের রবের | প্রতিশ্রুতি | হবে | নিশ্চয়ই | আমাদের রব | পবিত্র মহান" |
| "surely fulfilled | our Lord (of) | promise (the) | is | Indeed | !our Lord | Glory be to" |

سُبْحَٰنَ رَبِّنَآ إِن كَانَ وَعْدُ رَبِّنَا لَمَفْعُولًا ﴿١٠٨﴾

**আমাদের রব পবিত্র, মহান। আমাদের রবের প্রতিশ্রুতি কার্যকর হয়েই থাকে। সূরা বনী ইসরাইলঃ ১০৮**

"Exalted is our Lord! Indeed, the promise of our Lord has been fulfilled.“ -Sahih International

**প্রেক্ষাপটঃ** সেই আলেমগণ যাঁরা কুরআন অবতীর্ণ হওয়ার পূর্বে বিগত কিতাবগুলো পড়েছেন এবং তাঁরা অহীর প্রকৃতত্ব ও রিসালাতের নিদর্শনসমূহ সম্পর্কে অবগত হয়েছেন, তাঁরা এ ব্যাপারে আল্লাহর কৃতজ্ঞতা জ্ঞাপন করে সিজদায় পড়ে যান যে, তিনি তাঁদেরকে শেষ রসূল (সাঃ)-কে চেনার তওফীক দিয়েছেন এবং কুরআন ও রিসালাতের উপর ঈমান আনার সৌভাগ্য দান করেছেন।কুরআন শুনে আল্লাহর সামনে সিজদায় পড়ে গেছে। আর তারা তাঁর পবিত্রতা বর্ণনা করে এবং প্রতিপালকের অঙ্গীকারসমূহের উপর পূর্ণ বিশ্বাসও রাখে।




جزاكم الله خيرا
jazakumullah khairan
Sisters' Forum In Islam.com

